

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাভার, ঢাকা।

আগামী ১১, ১২ ও ১৩ জানুয়ারি ২০১৮ তারিখে “উন্নয়ন মেলা” আয়োজন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি : শেখ রাসেল হাসান
উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
তারিখ : ০২/০১/২০১৮
সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সরকার নির্ধারিত আগামী ১১, ১২ ও ১৩ জানুয়ারি ২০১৮ তারিখে ০৩(তিন) দিনব্যাপী অনুষ্ঠেয় “উন্নয়ন মেলা” সফলভাবে আয়োজন ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের গৃহীত উন্নয়ন কার্যক্রম সকল পর্যায়ে তুলে ধরার উপর গুরুত্বারোপ করেন। বিভিন্ন সরকারি দপ্তর/সংস্থা, ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, সরকারি ও বেসরকারি এনজিও, উন্নয়ন সংস্থা-কে মেলায় অংশগ্রহণে অনুরোধ জানানো হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	স্টল বরাদ্দ	বিভিন্ন সরকারি দপ্তর/সংস্থা, এনজিও, ব্যাংক, বীমা, আইসিটি সেবা সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট দপ্তরসমূহ স্টলের মাধ্যমে উন্নয়ন কর্মকান্ড তুলে ধরবেন। ০৮ জানুয়ারী ২০১৮ তারিখের মধ্যে স্টল বরাদ্দের অনুরোধপত্র উপজেলা নির্বাহী অফিসারের বরাবর পাঠাতে হবে। কোন প্রতিষ্ঠানের স্টলের জায়গা বেশি প্রয়োজন হলে তা অনুরোধপত্রে উল্লেখ করতে হবে। স্টল বরাদ্দ কমিটি ৯ জানুয়ারী ২০১৮ অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের মধ্যে স্টল বরাদ্দ করবেন।	স্টল বরাদ্দ কমিটি : ১। সহকারী কমিশনার (ভূমি) আশুলিয়া রাজেশ সার্কেল - আহবায়ক ২। মহিলা বিষয়ক কর্মকর্তা-সদস্য ৩। মো: কায়কোবাদ, এনজিও সমন্বয়ক - সদস্য ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-সদস্য সচিব
০২	সাজসজ্জা/স্টল নির্মাণ	বিভিন্ন সরকারি দপ্তর/সংস্থা, এনজিও, ব্যাংক, বীমা, আইসিটি সেবা সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান নিজ নিজ স্টল, ব্যানার, ফেস্টুন দিয়ে দৃষ্টিনন্দন সাজসজ্জা করবেন।	সাজসজ্জা ও স্টল নির্মাণ কমিটি : ১। উপজেলা প্রকৌশলী- আহবায়ক ২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-সদস্য ৩। পারভীন ইসলাম, সাংস্কৃতিক কর্মী - সদস্য ৪। জনাব মো: আজিজুল হাকিম, উদ্যোক্তা-সদস্য ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-সদস্য সচিব
০৩	উদ্বোধনী অনুষ্ঠান ও র্যালী আয়োজন	মাননীয় সংসদ সদস্য, রাজনৈতিক ব্যক্তিত্ব, উপজেলার সকল কর্মকর্তা/কর্মচারী, বীর মুক্তিযোদ্ধা, এনজিও প্রতিনিধি, বিভিন্ন সংস্থার অংশগ্রহণে ১১ জানুয়ারী ২০১৮ তারিখ সকাল ১০.০০ টায় বর্ন্যা র্যালীর আয়োজন করা হবে। র্যালীতে বাদকন্ডলের উপস্থিতি থাকবে। র্যালীতে প্রতিটি প্রতিষ্ঠানের পক্ষ হতে কমপক্ষে ০২টি করে ফেস্টুন প্রদর্শন করতে হবে, যার আয়তন হবে ৪ ফুট-৩ ফুট। ভিডিও কনফারেন্স এর মাধ্যমে সংযুক্ত থেকে মাননীয় প্রধানমন্ত্রী উন্নয়ন মেলার উদ্বোধন করবেন।	সংশ্লিষ্ট সকল
০৪	সেমিনার	মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী মেলা প্রাঙ্গনে সেমিনার আয়োজন করা হবে।	সংশ্লিষ্ট সকল
০৫	অনুষ্ঠানসূচি প্রণয়ন ও প্রতিযোগিতা আয়োজন	০৩ দিন ব্যাপী অনুষ্ঠেয় উন্নয়ন মেলার পূর্ণাঙ্গ অনুষ্ঠান ও সময়সূচি নির্ধারণ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে প্রতিদিনের শিক্ষার্থী উপস্থিতি নিশ্চিত ও প্রতিযোগিতার বিষয়টি প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীসহ মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে বক্তৃত্য প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগিতা, মুক্তিযুদ্ধ বিষয়ক কুইজ প্রতিযোগিতা ইত্যাদি আয়োজন করতে হবে এবং বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করতে হবে। এছাড়া অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের স্টলসমূহ হতে একটি শ্রেষ্ঠ স্টল নির্বাচন করতে হবে।	অনুষ্ঠানসূচি প্রণয়ন ও প্রতিযোগিতা আয়োজন কমিটি : ১। সহকারী কমিশনার (ভূমি) আমিনবাজার রাজেশ সার্কেল-আহবায়ক ২। উপজেলা ইন্সট্রাক্টর, ইউআরসি-সদস্য ৩। বাবুল মোড়ল, এনজিও কর্মী- সদস্য ৪। উপজেলা শিক্ষা অফিসার-সদস্য ৫। পারভীন ইসলাম, সাংস্কৃতিক কর্মী - সদস্য ৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক-সদস্য ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-সদস্য সচিব